

পরিবারের সাথে গণিত কর্মকান্ড অন্বেষণ

নিম্নলিখিত দুইটি কর্মকান্ড বিল্ডিং ব্লক পাঠক্রম থেকে গৃহীত হয়েছে, যেগুলো সাধারণত প্রি-K এক্সপ্লোর ক্লাসরুমে ব্যবহৃত হয়। এই কর্মকান্ডটি তিন এবং চার বছর বয়সীদের জন্যে তৈরি করা হয়েছে এবং স্বল্প উপকরণ ব্যবহার করে, সহজেই বাড়িতে পরিবার ও অন্য সেবা প্রদানকারীদের সাথে করা যাবে। বাড়ির পরিবেশে ছেলেমেয়েদের উন্নয়নে সহায়তা করার পাশাপাশি, সেগুলো খেলাচ্ছলে ও আনন্দময় হবার জন্যে ডিজাইন করা হয়েছে।

কর্মকান্ড 1: আমি আকৃতি অনুসন্ধান করি

যে উপকরণগুলো লাগবে: নেই।

কীভাবে খেলতে হবে:

- ক্লাসিক গেম “আই স্পাই!”-এর আকৃতির সংস্করণটি খেলতে আপনার সন্তানকে আমন্ত্রণ জানান।
- আপনার বাড়িতে যেসব আকৃতির সামগ্রী আছে সেগুলি সম্পর্কে ধারণা তৈরি করতে তার সাথে পালাবদল করে জিজ্ঞেস করুন। যেমন, “আমি এমন একটি জিনিস দেখছি যার আকৃতি চতুষ্কোণ।” তারপর আপনার সন্তানকে খুঁজে নিতে দিন আপনার বাড়ির চারকোণা জিনিসগুলি যা আপনি “দেখছেন।”
- শিক্ষার্থীর যখন প্রস্তুত থাকে, তাদের আকৃতির ধরনের নাম না বলে, আকৃতি সম্পর্কে কু দিন। উদাহরণ হিসেবে, “আমি এমন একটি জিনিস দেখছি যার চারটি পাশ আছে।”

কেন এই খেলা?

- বিভিন্ন আকৃতির সামগ্রী আমাদের চারপাশে রয়েছে। খেলার ছলে আকৃতি নিয়ে কথা বলা এবং পরিবেশের মধ্যে আকৃতি খুঁজে বের করা ছেলেমেয়েদের মধ্যে জ্যামিতি বা জিওমেট্রির শক্ত ভিত্তি গড়ে তোলে।

কর্মকান্ড 2: আমার হাতের সমান দীর্ঘ

যে উপকরণগুলো লাগবে: তার বা সুতো (স্ট্রিংস)

কীভাবে খেলতে হবে:

- আপনার সন্তানকে এক টুকরো সুতা কেটে নিতে সহায়তা করুন যা আপনার হাতের সমান লম্বা।
- আপনার সন্তানকে কীভাবে রিবনের এক প্রান্ত যে জিনিসটি আপনার সন্তান পরিমাপ করতে চাইছে সেটির সাথে সমান্তরাল করে মাপ নিতে হয় তা দেখিয়ে দিন।
- বাড়িতে এমন সব জিনিস খুঁজুন যেগুলো খাটো, লম্বা, অথবা আপনার সন্তানের “হাত”/সুতোটির একই সমান লম্বা।
- আপনার সন্তান গ্রাফও তৈরি করতে চাইতে পারে: একটি কাগজকে তিনটি সেকশনে ভাঁজ করে তিনটি সেকশন বানান এবং প্রতিটি সেকশনকে “লম্বা,” “খাটো,” বা “একই দৈর্ঘ্যের” নাম দিন। আপনার সন্তানকে ঐসব জিনিস আঁকতে দিন যা উল্লিখিত তিন ভাগে পড়ে।

কেন এই খেলা?

- শিশুরা সরাসরি দুটি জিনিসের তুলনা করে পরিমাপ সম্পর্কে শেখে এবং কোনটি লম্বা/বা খাটো তা নির্ধারণ করে। এই অনুসন্ধানের মধ্য দিয়ে, শিশুরা শেষ পর্যন্ত দৈর্ঘ্যের তুলনা করতে শেখে, বিভিন্ন জিনিসের পাশাপাশি সমান্তরালে সাজানো শিশুদের নির্ভুলতার উন্নতি সাধন করে।
- ছোট্ট শিশুরা ঐসব বিষয়ে আগ্রহ প্রকাশ করে যেগুলির সাথে তারা সম্পর্কিত, সুতরাং একই দৈর্ঘ্যের দুটি জিনিসের যেমন তাদের হাতের সমান কিছু তাদেরকে উৎসাহিত করে তোলে।

All Explore Family Math Activities are adapted from Building Blocks, © Clements & Sarama, 2013, McGraw-Hill Education.